



ঢাকা উত্তরে সেলিম উদ্দিন দক্ষিণে সাদিক কায়েমকে প্রার্থী করল জামায়াত



ছবি: সংগৃহীত

আসন্ন ঢাকা সিটি করপোরেশন নির্বাচনে দুই সিটিতে মেয়র প্রার্থীর নাম অনানুষ্ঠানিকভাবে ঘোষণা করেছে জামায়াতে ইসলামী। সোমবার (১৪ সেপ্টেম্বর) বিকেলে রাজধানীর ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স মিলনায়তনে এক অনুষ্ঠান শেষে দলটির সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার প্রার্থীদের নাম জানান। ঘোষণা অনুযায়ী, ঢাকা উত্তর সিটি করপোরেশনে (ডিএনসিসি) জামায়াতের দাঁড়িপাল্লা প্রতীকের প্রার্থী হবেন ঢাকা মহানগর উত্তরের আমির মোহাম্মদ সেলিম উদ্দিন। তিনি দলটির কেন্দ্রীয় নির্বাহী পরিষদের সদস্য এবং এর আগে বাংলাদেশ ইসলামী ছাত্রশিবিরের কেন্দ্রীয় সভাপতি ছিলেন। ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনে (ডিএসসিসি) জামায়াতের প্রার্থী হচ্ছেন ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদের (ডাকসু) ভিপি সাদিক কায়েম। ২০২৪ সালের গণঅভ্যুত্থানে সমন্বয়ক হিসেবে ভূমিকা রাখার পর ২০২৫ সালের সেপ্টেম্বরে ডাকসু নির্বাচনে ভিপি নির্বাচিত হন তিনি। মিয়া গোলাম পরওয়ার জানান, জাতীয় নির্বাচনকে সামনে রেখে ১১ দলীয় ঐক্য গড়ে উঠলেও স্থানীয় সরকার নির্বাচনে জোটগতভাবে নির্বাচন করবে না দলগুলো। প্রত্যেক দল নিজস্ব প্রার্থী দিয়ে নির্বাচনে অংশ নেবে।